



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

স্মারক নং বশিবো/কলেজ/অনু:/২০২৪/৪৩৬২

তারিখ: ০১.০৯.২০২৪খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের শাখা ও বিষয় পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি  
(এর পর বিষয় ও শাখা পরিবর্তনের আর কোন আবেদন গ্রহণ করা হবে না)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধান মহোদয়কে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের শাখা ও বিষয় পরিবর্তন নিম্নোক্ত পদ্ধতিতে প্যানেল লিংকে আবেদন করতে হবে।

শাখা ও বিষয় পরিবর্তন সংক্রান্ত আবেদন করা যাবে ০১.০৯.২০২৪ থেকে ১৫.০৯.২০২৪ তারিখ পর্যন্ত।

০১। বিজ্ঞান শাখা থেকে যে কোন শাখায় শাখা পরিবর্তন করা যাবে। কিন্তু অন্য শাখা থেকে বিজ্ঞান শাখায় শাখা পরিবর্তনের আবেদন করা যাবে না।

০২। যেভাবে অনলাইনে আবেদন করা যাবে: শিক্ষাবোর্ডের ওয়েব সাইটে ঢুকে- HSC esif 2025 এই সাইটে EIIN ও Password দিয়ে login করে esif list দেখা গেলে শাখা ও বিষয় পরিবর্তনকৃত শিক্ষার্থীদের Check Box select করে submit করা যাবে। এরপর payment অপসনে login করে sonali bank payment gate way এর মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করা যাবে।

০৩। **Payment** করার মাধ্যম: সোনালী ব্যাংক অনলাইন একাউন্ট, Card service (nexus, amex, master visa).

০৪। Mobile Banking (Nagad, bkash, Rocket, Tap).

০৫। Payment সম্পন্ন হলে Edit করার জন্য esif edit menu তে Click করে পরিবর্তনকৃত শিক্ষার্থীদের তথ্য (শাখা ও বিষয়) সংশোধন করবেন।

উল্লেখ্য Payment করার ক্ষেত্রে সোনালী ব্যাংক অনলাইন একাউন্ট ব্যবহার করা শ্রেয়, তবে ২৫,০০০/- টাকার নীচে হলে Card service অথবা Mobile Banking ব্যবহার করা যাবে।

বি.দ্র: অনেক সময় দেখা গেছে যে, কলেজ কর্তৃপক্ষ কয়েকটি বিষয় ও শাখা পরিবর্তনের আবেদন হাতে পায়েই তা প্যানেল লিংক অন্তর্ভুক্ত করেন ফলে প্যানেল লিংক সেখানেই বন্ধ হয়ে যায়। এ ক্ষেত্রে টোটাল আবেদন হাতে পেলেই কেবল কলেজ কর্তৃপক্ষ বিষয় ও শাখা সংশোধন প্যানেলে অন্তর্ভুক্ত করবেন।

\* উল্লেখ্য শিক্ষার্থীদের ছাড়পত্রের কার্যক্রম অনলাইনের মাধ্যমে শুরু হয়েছে এবং এ কার্যক্রম আগামী ১৯.০৯.২০২৪ তারিখ পর্যন্ত চলবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

 ০১.০৯.২০২৪

প্রফেসর ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান

অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়।